গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-২১৬/২৬ তারিখ : ১৫ /০৫/২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৪-২৫ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তি (পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি, অনার্স) ও বিভিন্ন ধরণের উপবৃত্তিপ্রাপ্ত (তফসিলী, শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের পেশামূলক, গার্হস্থ্য অর্থনীতি ও চারুকলা) শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধনের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত।

সূত্র : মাউশি অধিদপ্তরের পত্রের স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-১৫১/২২, তারিখ : ২৩/০৪/২০২৫ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তি ও শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের পেশামূলক উপবৃত্তি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির তথ্যাদি MIS Software-এ নির্ভুলভাবে এন্ট্রি/সংশোধন সম্পাদন করার সময়সীমা আগামী ২২ মে, ২০২৫ তারিখ পর্যন্ত নির্দেশক্রমে বর্ধিত করা হলো।

০২. বর্ধিত সময়সীমার মধ্যে সকল ধরণের বৃত্তি ও ২০২৪-২৫ অর্থবছরের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য পত্রের সাথে সংযুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক MIS Software-এ এন্ট্রি/সংশোধন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এই সময়সীমা পরবর্তীতে আর বর্ধিত করা হবে না।

সংযুক্ত : MIS Software-এ তথ্য এন্ট্রির প্রয়োজনীয় নির্দেশাবলী ০২ (দুই) পাতা।

15.05.25

(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক (একিউএইউ)
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন : ৪১০৫৩৮১১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৬. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১০. রেজিষ্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১১. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১২. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারি .....সকল)
১৩. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
১৪. অধ্যক্ষ, গভর্নমেন্ট কলেজ অব অ্যাপ্লাইড হিউম্যান সাইন্স, আজিমপুর, ঢাকা
১৫. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৬. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
["২০২৪-২৫ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তি (পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি, অনার্স) ও বিভিন্ন ধরণের উপবৃত্তিপ্রাপ্ত (তফসিলী, শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের পেশামূলক, গার্হস্থ্য অর্থনীতি ও চারুকলা) শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধনের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত"]-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ]
১৮. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৯. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২১. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
২২. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২৩. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৮৪

তারিখ : ১৩-০৫-২০২৫ খ্রিস্টাব্দ

জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

রাজস্ব খাতভুক্ত সকল ধরণের বৃত্তি (পিএসসি, জেএসসি, এসএসসি, এইচএসসি ও অনার্স) ও উপবৃত্তির (পেশামূলক ও তফসিলী) অর্থ EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের তফসিলভুক্ত অনলাইন ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য বৃত্তির MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান (সকল মাধ্যমিক বিদ্যালয়, সাধারণ কলেজ, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং কলেজ, বুয়েট ও পাবলিক/সাধারণ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ধরণের প্রতিষ্ঠান) হতে এন্ট্রি/সংশোধন করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা মাউশি'র ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোড করা হয়। ফলে বর্ণিত বিষয়ে কোন তথ্য মাউশি হতে প্রতিষ্ঠান/অভিভাবক/শিক্ষার্থী হতে চাওয়া হয় না।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ড, বিভিন্ন সরকারি অফিস ও বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে বিভিন্ন কারণ দেখিয়ে প্রতারক চক্র শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষার্থী/ অভিভাবকের কাছ থেকে অর্থ, প্রতিষ্ঠানের User ID ও Password, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য এবং ডেবিট/ক্রেডিট কার্ডের Password/PIN Number/OTP চাচ্ছে। **উল্লেখ্য, বৃত্তির অর্থ প্রেরণের জন্য এ সংক্রান্ত কোন তথ্য চাওয়া হয় না বিধায় যেকোন ধরনের আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য, ডেবিট/ক্রেডিট কার্ডের Number/Password/ PIN Number/OTP কারো সাথে শেয়ার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।**

এছাড়া, প্রতিষ্ঠানের User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান)
মহাপরিচালক

চলমান পাতা - ২